

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন অজ্ঞানের হোসেন যাদিক মিয়া

কোচিং বন্ধে মনিটরিং কমিটির কার্যক্রম জোরদার করা হচ্ছে : শিক্ষামন্ত্রী

 ২৪ জুন, ২০১৮ ইং ০০:০০ মিঃ

■ বাসস

শিক্ষামন্ত্রী মুরুগল ইসলাম নাহিদ বলেছেন, কোচিং বন্ধে 'শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২' বাস্তবায়নের জন্য গঠিত মনিটরিং কমিটির কার্যক্রম জোরদার করা হচ্ছে। তিনি গতকাল সংসদে জাসদের নাজমুল হক প্রধানের এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান। মন্ত্রী বলেন, এ নীতিমালা বাস্তবায়নের জন্য মেট্রোপলিটন-বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে পৃথক মনিটরিং কমিটি গঠন করা হয়েছে।

নাহিদ বলেন, মেট্রোপলিটন/বিভাগীয় এলাকায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), জেলা পর্যায়ে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও উন্নয়ন) এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এসব কমিটি স্ব স্ব অধিক্ষেত্রে তৎপর রয়েছেন। শিক্ষামন্ত্রী বলেন, কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে কোচিং বাণিজ্যে জড়িত শিক্ষকগণের বিরক্তে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ সকল কমিটির তৎপরতায় কোচিং বাণিজ্য বন্ধে অগ্রগতি সাধিত হয়েছে। দেশে কোচিং বাণিজ্য বন্ধে 'শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২' প্রণয়ন করা হয়েছে। মন্ত্রী বলেন, এছাড়া বাস্তবতা পর্যালোচনায় দেখা গেছে যে, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের যে সব শিক্ষক দীর্ঘদিন একই কর্মসূলে কর্মরত রয়েছেন তাদের অধিকাংশের কোচিং বাণিজ্যের সাথে জড়িয়ে পড়ার প্রবণতা রয়েছে।

ভারপ্রাণ সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত